দৈনিক
ইত্তেফাক

তারিখ : 17 NOV 2015
পৃষ্ঠা ... ১৮ ... কলাম ... ১ ...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-৩ (বাজেট)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moedu.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৪.০১.০১২.১৫-৩৫৪

তারিখঃ ২৬ কার্তিক ১৪২২ বাং / ১০ নভেম্বর ২০১৫ ইং

# বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৫-২০১৬ অর্থ বছরে অনুন্নয়ন রাজস্ব বাজেটে শিক্ষা মন্ত্রণালয়ের অধীন শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক ও ছাত্রবৃন্দের জন্য বিশেষ মঞ্জুরী হিসেবে বরাদ্দকৃত অর্থ উপযুক্ত শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক ও ছাত্রবৃন্দের মধ্যে স্বচ্ছ ও সুষ্ঠুভাবে বিতরণের লক্ষ্যে ইতোমধ্যে একটি নীতিমালা জারী করা হয়েছে। নীতিমালাটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, সকল জেলা প্রশাসক ও জেলা শিক্ষা অফিসার বরাবরে বিতরণসহ শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.moedu.gov.bd) দেয়া হয়েছে। উক্ত নীতিমালা অনুযায়ী নিম্নে বর্ণিত শর্তে শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-শিক্ষিকা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছেঃ

(ক) দেশের সকল স্বীকৃতি প্রাপ্ত/এমপিওভুক্ত বেসরকারি সাধারণ/কারিগরি/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের মেরামত ও সংস্কার, আসবাবপত্র তৈরী, খেলাধুলার সরঞ্জাম, প্রতিষ্ঠানকে প্রতিবন্ধী বান্ধব করাসহ পাঠাগারের উন্নয়ন কাজের জন্য মঞ্জুরীর আবেদন। শিক্ষা প্রতিষ্ঠান বাছাইয়ের ক্ষেত্রে অনগ্রসর এলাকার অস্বচ্ছল শিক্ষা প্রতিষ্ঠান অথচ প্রতিষ্ঠানের লেখা পড়ার মান ভাল এরূপ প্রতিষ্ঠান-কে অগ্রাধিকার প্রদান করা হবে;

(খ) বেসরকারি সাধারণ/কারিগরি/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণ তাঁদের দুরারোগ্য ব্যাধি ও দৈব দুর্ঘটনার জন্য মঞ্জুরীর আবেদন করতে পারবেন;

(গ) সরকারি বা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী দুরারোগ্য ব্যাধি, দৈব দুর্ঘটনা এবং শিক্ষা গ্রহণ কাজে ব্যয়ের জন্য আবেদন করতে পারবে। তবে এ বিশেষ মঞ্জুরী প্রদানের ক্ষেত্রে দুস্থ, প্রতিবন্ধী, অসহায়, রোগগ্রস্থ, গরীব, মেধাবী, অনগ্রসর সম্প্রদায়ের ছাত্র-ছাত্রীদের অগ্রাধিকার প্রদান করা হবে;

(ঘ) উক্ত খাতে মঞ্জুরী/অনুদান প্রাপ্তির নিমিত্ত আগ্রহী শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক এবং ছাত্র-ছাত্রীগণ-কে আগামী ৩১/০১/২০১৬ ইং তারিখের মধ্যে সরাসরি/স্ব স্ব জেলা প্রশাসকের মাধ্যমে সচিব, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবরে আবেদন দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

(ঙ) ছাত্র/ছাত্রীদের আবেদনের ক্ষেত্রে অবশ্যই তার স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে;

(চ) যে সকল আবেদনকারী জুন, ২০১৫-এর পর আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

(ছ) জেলা যাচাই-বাছাই কমিটির সুপারিশকৃত আবেদন এবং মন্ত্রণালয়ে সরাসরি প্রাপ্ত আবেদনসমূহ হতে শিক্ষা মন্ত্রণালয়ের যাচাই-বাছাই কমিটি চূড়ান্ত তালিকা প্রণয়ন করবে।

(মোঃ ফজলুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৯৫১২২০৫

স-৭৫৪১ (৭×৩)